

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২০৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে দুই শর্তে তাদেরকে মসজিদে আসার অনুমতি দেওয়া হয়েছে, তার একটির বর্ণনা

ذَكَرُ أَحَدِ الشَّرْطَيْنِ الَّذِي أُبِيحَ هَذَا الْفِعْلُ بِهِمَا

আরবী

2207 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا جَرِيرٌ وَعِيسَى بْنُ يُونُسَ عَنِ الْأَعْمَشِ عَنْ مُجَاهِدٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اأَذْنُوا لِلنِّسَاءِ إِلَى الْمَسَاجِدِ بِاللَّيْلِ) فَقَالَ بَعْضُ بَنِيهِ: لَا تَأْذَنُ لَهُنَّ فَيَتَّخِذْنَهُ دَغْلًا قَالَ: فَعَلَ اللَّهُ بِكَ وَفَعَلَ أَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَتَقُولُ: لَا تَأْذَنُ

الراوي : ابنُ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2207 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(577): ق.

বাংলা

২২০৭. আব্দুল্লাহ বিন উমার রাহিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা নারীদেরকে রাতে মসজিদে আসার অনুমতি দিবে।” তখন উমার রাহিয়াল্লাহু আনহুমা কোন এক সন্তান তাকে বললেন, “আপনি তাদেরকে অনুমতি দি়েন না, দিলে তারা এটাকে মন্দ কর্মের মাধ্যম হিসেবে গ্রহণ করবে!” উমার রাহিয়াল্লাহু আনহুমা বলেন, “আল্লাহ তোমার সাথে এমন করুন, আল্লাহ তোমার সাথে ওমন করুন। আমি তোমাকে বলছি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আর তুমি বলছো, “আপনি অনুমতি দি়েন না!”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ৫৬৮; আবু আওয়ানা: ২/৫৮; তিরমিযী: ৫৭০; সহীহ মুসলিম: ৪৪২; তাবারানী আল কাবীর:

১৩৪৭১; মুসনাদ আহমাদ: ২/১৪৫; আত তয়ালিসী: ১৮৯৪; সুনান বাইহাকী: ৩/১৩২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৫১০৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৫৭৫)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91525>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন